

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৮২০

২০. কোমলতা অধ্যায় (كتاب الرقاق)

পরিচ্ছেদঃ ৬৬. শয়তান আদম সন্তানের রক্ত স্রোতে চলমান রয়েছে

باب الشَّيْطَانِ يَجْرِي من بن آدم مَجْرَى الدَّم

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ الْعَلَاءِ حَدَّثَنَا أَبُو أُسَامَةَ عَنْ مُجَالِدٍ عَنْ عَامِرٍ عَنْ جَابِرٍ قَالَ وَرُبَّمَا سَكَتَ عَنْ جَابِرٍ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَا تَدْخُلُوا عَلَى الْمُغِيبَاتِ فَإِنَّ الشَّيْطَانَ يَجْرِي مِنْ ابْنِ آدَمَ كَمَجْرَى الدَّمِ قَالُوا وَمِنْكَ قَالَ نَعَمْ وَلَكِنَّ اللَّهَ أَعَانَنِي عَلَيْهِ فَأَسْلَمُ

বাংলা

২৮২০. জাবির রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, "যার স্বামী অনুপস্থিত, এমন স্ত্রীলোকের কাছে তোমরা প্রবেশ করোনা। কেননা, শয়তান বনী আদমের মাঝে রক্ত স্রোতের মতো চলমান রয়েছে।" তারা বললেন, আপনার মধ্যেও? তিনি বললেন, "হাঁ, (আমার মাঝেও)। তবে আল্লাহ তা'আলা আমাকে তার বিরুদ্ধে সাহায্য করেছেন। ফলে সে অনুগত হয়ে গেছে।"[1]

ফুটনোট

[1] তাহকীক: এর সনদ যয়ীফ, মুজালিদ ইবনু সাঈদের দুর্বলতার কারণে। ((তবে এর শাহিদসমূহের কারণে এটি সহীহ।– দেখুন, তাখরীজের আলোচনা।–অনুবাদক))

তাখরীজ: আহমাদ ও তাঁর ছেলের যাওয়াইদুল মুসনাদ ৩/৩৯৭; তিরমিযী, রিদা'আ ১১৭২; তাহাবী, মুশকিলিল আছার ১/৩০।

আমাদের বক্তব্য: এর ১ম অংশের শাহিদ রয়েছে আমর ইবনু আস রাদ্বিয়াল্লাহু আনহু হতে, আমরা যার পূর্ণ তাখরীজ দিয়েছি মুসনাদুল মাউসিলী নং ৭৩৪৮ তে।

এর বাকী অংশের শাহিদ সহীহ হাদীস রয়েছে আনাস রাদ্বিয়াল্লাহু আনহু হতে, আমরা যার পূর্ণ তাখরীজ দিয়েছি



মুসনাদুল মাউসিলী নং ৩৪৭০ তে।

এবং (অপর শাহিদ) সাফিয়া রাদ্বিয়াল্লাহু আনহু এর হাদীস যেটি বুখারী মুসলিম সম্মিলিতভাবে বর্ণনা করেছেন, আমরা যার পূর্ণ তাখরীজ দিয়েছি মুসনাদুল মাউসিলী নং ১২১ তে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন